গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

Scanned with CamScanner

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

Scanned with CamScanner

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সুনামগঞ্জ জেলায় পল্লী ও পৌর এলাকার সুপেয় পানি সরবরাহ এবং স্বাস্থ্য সম্মত স্যানিটেশন কার্যক্রম জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন জেলা ইউনিট নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৯০% এবং উন্নত স্যানিটেশন কভারেজ ৭৫%। বিগত ০৩ (তিন) অর্থবছরে পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের ১৫০০০টি গভীর নলকূপ স্থাপন, সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ০১ টি, প্রডাকশন টিউবওয়েল ০৪ টি, পাইপলাইন স্থাপন ১৮ কি:মি:, ওভারহেড ট্যাংক ০১ টি, ইম্প্রুভড টয়লেট ৪৯০ টি, অফসেট টুইন-পিট ল্যাট্রিন ৭৫০০, পাবলিক টয়লেট ০৪ টি, কমিউনিটি ল্যাট্রিন ২০ টি এবং ড্রেন ০৩ কি:মি:।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

সুনামগঞ্জ জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো এই এলাকাটি মেঘালয়ের পাদদেশে অবস্থিত এবং অত্র জেলার অধিকাংশ উপজেলা হাওর বেষ্টিত এবং দুর্গম। হাওরের মানুষের মধ্যে শিক্ষার অভাব থাকায় তাহারা স্যানিটেশনের বিষয়েই অসতর্ক, তাছাড়া বর্তমানে প্রচলিত তিন রং বিশিষ্ট টয়লেট এখানে টেকসই নয়, হাওরে পানি বৃদ্ধি পেলেই তা ভেঙ্গে পড়ে। এছাড়া বিভিন্ন উপজেলায় আর্সেনিক এবং আয়রণ এর মাত্রাতিরিক্ত উপস্থিতি উদ্বেগের বিষয়। এ জেলা হাওর বেষ্টিত হওয়ায় এখানে হঠাৎ বন্যাতে (Flash flood) আক্রান্ত হয়। এখানে বিদ্যমান পানি ও স্যানিটেশন ব্যবস্থা সারা বছর কার্যকারিতা রাখা একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

হাওরের পানি তথা সারফেস ওয়াটার ট্রিটমেন্ট করে পাইপ লাইনের মাধ্যমে সুবিধাভোগীর মাঝে সরবরাহ করা,স্থায়ী কাঠামোর স্বাস্থ্যসম্মত উন্নতমানের হাইজিনিক টয়লেট অধিক হারে স্থাপন করা এবং স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধি করা এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীত করা।

২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন – ৪২৫০ টি
- গ্রামীন এলাকায় পরীক্ষামূলক নলকূপ স্থাপন-১৪ টি।
- ইম্প্রুভড /স্যানিটারি ল্যাট্রিন – ২৪৬৫ টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা- ৪২৫০ টি
- ট্রিটমেন্ট প্লান্ট-০১ টি (আংশিক)
- ড্রেইন -০৩ কি:মি:
- কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট- ৯০ টি।
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন ও প্রতিস্থাপন – ০৮ টি
- পাইপ লাইন স্থাপন– ১৮ কি:মি: এবং
- পল্লী ও পৌরএলাকায় কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক ল্যাট্রিন স্থাপন–২১ টি।

Scanned with CamScanner

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

Scanned with CamScanner

সেকশন ১:

রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প: জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য: সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা/বিভাগের কর্মসম্পাদন ক্ষেত্র

১) পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,
২) পল্লী ও পৌরএলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন,
৩) পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি:

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;

Scanned with CamScanner

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০২০-২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নিরাপদ খাবার পানি সেবার ব্যবহার (Use of safely managed drinking water services)	কভারেজ	শতকরা হার	১৯.১	২৫	৩০	৩৫	৫০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা	MICS 2019 district summary findings (draft)
উন্নত স্যানিটেশন সেবার ব্যবহার (Use of improved sanitation facilites)	কভারেজ	শতকরা হার	৬৫.১	৬৮	৭৫	৮০	৮৫	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা	MICS 2019 district summary findings (draft)

Scanned with CamScanner